



**Consulate General of the People's Republic of Bangladesh  
Sydney**



**প্রেস বিজ্ঞপ্তি**

**সিডনিতে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন**

সিডনি, ১৫ আগস্ট, ২০২২: সিডনিতে বাংলাদেশের কনসুলেট জেনারেল এর উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ভাবগান্তীর্যের সাথে জাতীয় শোক দিবস এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাং বার্ষিকী পালিত হয়েছে। শোকাবহ এই দিনটি উপলক্ষ্যে সিডনিতে বাংলাদেশ কনসুলেট জেনারেল দিনব্যাপী কর্মসূচি পালন করে।

প্রত্যুষে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা করা হয়। এ সময় কনসুলেটের কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যগণ কালো ব্যাজ ধারণ করে উপস্থিত ছিলেন। পরে কনসাল জেনারেল কনসুলেটের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির সাউথ প্যারামাট্র ক্যাম্পাসে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে স্বাধীনতার এই মহান স্মৃতির প্রতি শুদ্ধা নিবেদন করেন। এ সময় ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশ শিক্ষার্থীরাও জাতির পিতার প্রতি শুদ্ধা জানাতে সমবেত হয়। সন্ধ্যায় শোক দিবসের গুরুত্ব ও তৎপর্য নিয়ে কনসুলেট প্রাঙ্গণে এক আলোচনা সভা ও কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির মধ্যে ছিলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, ১৫ই আগস্টের শহিদদের স্মৃতির প্রতি শুদ্ধা নিবেদন করে ১ মিনিট মীরবতা পালন, পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে বাণী পাঠ, দিবসটি উপলক্ষ্যে প্রেরিত জাতীয় নেতৃত্বন্দের বাণী পাঠ, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন। পরে কনসাল জেনারেল বঙ্গবন্ধুর গৌরবময় জীবন, কর্ম ও দেশের প্রতি তার অসামান্য অবদানের ওপর বক্তব্য পেশ করেন।

কনসাল জেনারেল তার বক্তব্যে বঙ্গবন্ধু ও তার প্রিয়জনদের নৃশংস হত্যাকাণ্ডকে মানব ইতিহাসের সবচেয়ে কলঙ্কজনক ও কাপুরুষোচিত কাজ হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, হত্যাকাণ্ড পরবর্তী সময়ে হত্যাকারীদের বিচার থেকে দায়মুক্তি দেয়াটা ছিলো আরো বেশি দুঃখজনক। বঙ্গবন্ধু তার ঐন্দ্রজালিক নেতৃত্বের মাধ্যমে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র গঠনের জন্য জনগণকে পুনরুজ্জীবিত করেছিলেন এবং বিশ্ব পরিমন্ডলে বাংলালি জাতিকে গৌরবের আসনে অধিষ্ঠিত করেছিলেন। তিনি বলেন বঙ্গবন্ধুর সুযোগ্যা কন্যা এবং বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার পিতার স্বপ্ন বাস্তবায়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। শোককে শক্তিতে পরিণত করার মাধ্যমে সবাইকে ঐক্যবদ্ধ হতে ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির অসাম্প্রদায়িক, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমূক্ষ ‘সোনার বাংলা’ গড়ার লক্ষ্যে গঠনমূলক ভূমিকা রাখতে কনসাল জেনারেল সকলকে আহ্বান জানান।

আলোচনা শেষে ১৫ই আগস্টের সকল শহিদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে সিডনিতে বসবাসরত বীর মুক্তিযোদ্ধা, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গবন্ধু সোসাইটি, সিডনি আওয়ামীলীগ এর নেতৃবৃন্দসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মুজিববর্ষের কৃটনীতি || প্রগতি ও সম্প্রোতি  
Mujib Year's Diplomacy || Friendship & Prosperity

Suite 2, Level 1, 189 Kent Street, Sydney , NSW 2000

T:+61-2-8326 9777 F:+61-2-8080 8174 Email: mission.sydney@mofa.gov.bd, Web: www.cgbdsydney.gov.bd

